



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ৩, সেপ্টেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সকাল ১০.০০ ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ-এর নেতৃত্বে মাদক বিরোধী র্যালি অনুষ্ঠিত হয়। র্যালিটি প্রশাসন ভবনের সামনে থেকে শুরু হয়ে পুরো ক্যাম্পাস পদক্ষিণ করে প্রশাসন ভবনের সামনে এসে শেষ হয়।

র্যালি শেষে সমাবেশে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, দায়িত্ব গ্রহণের পর থেকেই সেশনজট, জঙ্গীবাদ, যৌন হয়রানী ও মাদক নির্মূলে নিরলস ভাবে কাজ করে যাচ্ছি। মনে রাখতে হবে মাদক শুধু ব্যক্তি জীবনকে ধ্বংস করে না, মাদক পরিবার, সমাজ ও রাষ্ট্রীয় জীবনকে হুমকির মুখে ফেলে দেয়। আর তাই আমাদের সকলকেও এর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করতে হবে। যুদ্ধের অংশ হিসেবে আগামী শিক্ষাবর্ষ থেকে ডোপ টেস্টের মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করা হবে।

শাহপরান হলের প্রভোস্ট প্রফেসর ড. মো. মিজানুর রহমানের পরিচালনায় সমাবেশে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো.আনয়ারুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড.এস এম সাইফুল ইসলাম, ছাত্র উপদেষ্টা ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার ও প্রক্টর প্রফেসর জহির উদ্দিন আহমেদ।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার